

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তাহিরপুর, সুনামগঞ্জ।

পত্রনং-৩৩.০২.৯০৯২.৫০১.২৭.০২৭.১২-৩৮

তারিখঃ ৩০ আগস্ট, ২০২২ খ্রিঃ।


কোটেশন বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ অর্থ বছরে রাজস্ব বাজেটের আওতায় মৎস্য অধিদপ্তরের পোনা মাছ অবমুক্তি কার্যক্রম বাস্তবায়নের জন্য অভ্যন্তরীণ জলাভূমি/ বর্ষাপ্লাবিত ধানক্ষেত/ প্লাবনভূমি/ প্রাতিষ্ঠানিক জলাশয়ে পোনা মাছ অবমুক্তির নিমিত্ত তাহিরপুর উপজেলার"থানা ঘাট সংলগ্ন "মাটিয়ান হাওরে রুই জাতীয় দেশি মাছের সুস্থ, সবল ও জীবন্ত পোনা মাছ সরবরাহ ও অবমুক্তির নিমিত্ত প্রকৃত পোনা মাছ উৎপাদনকারী / খামারী/ সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব প্যাডে নিম্ন বর্ণিত শর্তাবলী ও ছক মোতাবেক সীলমোহরকৃত খামে কোটেশন/ দরপত্র আহ্বান করা যাচ্ছে। পোনা মাছ ক্রয়/ সরবরাহ সংক্রান্ত কোটেশন আগামী ০৪/০৯/২০২২ হতে ০৬/০৯/২০২২ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তর হতে সংগ্রহ করা যাবে। কোটেশন/ দরপত্র সমূহ আগামী ০৭/০৯/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকা হতে ১২.০০ ঘটিকা পর্যন্ত উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ এর দপ্তরে রক্ষিত কোটেশন বাঞ্ছিত গ্রহণ করা হবে এবং ঐ দিনই সকাল ১২.১০ ঘটিকায় উপস্থিত কোটেশন/দরদাতার সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। উল্লেখ যে, খামের উপরে জলমহলের নাম উল্লেখ করতে হবে।

ক্রঃ নং	পোনার প্রজাতি	পোনার আকার	প্রাক্কলিত মূল্য (টাকা)	প্রতি কেজি পোনার গড় মূল্য (টাকা)	মন্তব্য
১	রুই	১০-১৫ সেমি	১৫০,০০০/=		
২	কাতলা				
৩	মৃগেল				
৪	কালিবাউশ				
৫	ঘনিয়া				

শর্তাবলীঃ

- শুধুমাত্র প্রকৃত পোনা উৎপাদনকারী, খামারী, নার্সারী মালিক, পোনা সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান কোটেশন দাখিল করতে পারবে।
- সরবরাহকৃত পোনা মাছ রুই ২০%, কাতলা ২০% এবং মৃগেল/কালিবাউশ/ঘনিয়া ৬০% হতে হবে।
- পোনা মাছের আকার রুই, কাতলা, মৃগেল, কালিবাউশ, ঘনিয়া ১০-১৫ সেমি হবে।
- প্রজাতি ভিত্তিক পৃথক ভাবে সুস্থ, সবল, নিরোগ, অক্ষত এবং জীবন্ত পোনা মাছ সরবরাহ করতে হবে।
- প্রতি কেজি পোনার গড় বাজার মূল্যের উপর সর্বনিম্ন কোটেশন দাতার কোটেশন গ্রহণ করা হবে এবং তার অনুকূলে বরাদ্দ অনুযায়ী সরবরাহ আদেশ প্রদান করা হবে।
- পোনা সরবরাহের সরবরাহ আদেশ প্রাপ্ত ব্যক্তি বা প্রতিষ্ঠানকে নিজ ব্যয়ে পোনা মাছ পরিবহণ করে কার্যাদেশে উল্লেখিত স্থানে সরবরাহ ও অবমুক্তির ব্যবস্থা করতে হবে।
- সরবরাহ আদেশে বর্ণিত নির্ধারিত তারিখের আগে বা পরে পোনা মাছ সরবরাহ করা হলে সে পোনা মাছ গ্রহণ করা হবে না।
- হাল সনের ট্রেড লাইসেন্স এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি কোটেশনের সাথে জমা দিতে হবে।
- কোটেশনের সাথে উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ বরাবরে ১০,০০০/(দশ হাজার) টাকা মাত্র পে-অর্ডার সংযুক্ত করতে হবে।
- সরবরাহকারী নিজে কোটেশন পূরণ পূর্বক স্বাক্ষর করবেন।
- কোটেশন গ্রহণের তারিখ হইতে ১২০ দিনপর্যন্ত সকল কোটেশনের দর হার বলবৎ থাকবে।
- সরবরাহ আদেশ প্রাপ্তির ০৩ দিনের মধ্যে কমিটি কর্তৃক নির্ধারিত তারিখ, সময় ও স্থানে সুস্থ, সবল ও জীবন্ত পোনা সরবরাহ করতে হবে।
- পোনা মাছ সরবরাহ করার পর ০৩ কপি বিল উপজেলা মৎস্য কর্মকর্তা, তাহিরপুর, সুনামগঞ্জ বরাবরে দাখিল করতে হবে।
- কোটেশন দাতার বিল হতে নিয়মানুযায়ী ভ্যাট, আয়কর ও অন্যান্য সরকারি কর (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন পূর্বক বিল পরিশোধ করা হবে।
- পোনা মাছের গড়মূল্য বাজারদর এর সাথে সামঞ্জস্যপূর্ণ হতে হবে। বাজার মূল্যের সাথে পোনা মাছের গড়মূল্য খুব কম/বেশি হলে উপজেলা জলাভূমি নির্বাচন ও পোনা মাছ সংগ্রহ কমিটি কোন প্রকার কারন দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন/ দরদাতার গ্রহণ অথবা সকল কোটেশন /দরদাতার বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- হাল সনের ট্রেড লাইসেন্স প্রদর্শন পূর্বক সিডিউল সরবরাহ করতে হবে।




সারোয়ার হোসেন
উপজেলা মৎস্য কর্মকর্তা
তাহিরপুর, সুনামগঞ্জ।

পত্রনং-৩৩.০২.৯০৯২.৫০১.২৭.০২৭.১২-৩৮/১(৩০)

তারিখঃ ৩০ আগস্ট, ২০২২ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- মাননীয় সংসদ সদস্য, ২২৪ সুনামগঞ্জ-১।
- মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, বাংলাদেশ, ঢাকা।
- উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, সিলেট।
- জেলা মৎস্য কর্মকর্তা, সুনামগঞ্জ।
- চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
- উপজেলা নির্বাহী অফিসার, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
- ভাইস-চেয়ারম্যান (মহিলা), উপজেলা পরিষদ, তাহিরপুর, সুনামগঞ্জ।
- উপজেলা কর্মকর্তা (সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।
- চেয়ারম্যান ইউনিয়ন (সকল), তাহিরপুর, সুনামগঞ্জ।
- সভাপতি, তাহিরপুর, প্রেসক্লাব।
- জনাব....., তাহিরপুর, সুনামগঞ্জ।
- নোটিশ বোর্ড....., তাহিরপুর, সুনামগঞ্জ।
- সংশ্লিষ্ট নথি।



উপজেলা মৎস্য কর্মকর্তা
তাহিরপুর, সুনামগঞ্জ।